



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোন: ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাইল: ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

বরিশাল মুক্ত দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৮ ডিসেম্বর ২০২১।

৮ ডিসেম্বর বরিশাল মুক্ত দিবস। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে বিকাল ৩ টায় এ আলোচনা সভাটি অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, আজকের এ দিনে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে, যাঁর আহবানে সাড়া দিয়ে বীর বাঙালি মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে দেশমাত্রকাকে স্বাধীন করেছিল এবং সে সকল বীর মুক্তিযোদ্ধাদের যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এ বরিশাল অঞ্চলে পাক হানাদার বাহিনীর হাত থেকে মুক্ত হয়েছিল। তাঁদের সকলের প্রতি আমার গভীর শ্রদ্ধাঙ্গলি। বরিশাল বিশ্ববিদ্যালয় তাঁদের এ আত্মত্যাগকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করবে। এসময় উপাচার্য মহোদয় বঙ্গবন্ধুর আদর্শ ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে বুকে লালন করে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এক্যবন্ধ ভাবে কাজ করে যাওয়ার জন্য সকলের প্রতি উদাত্ত আহবান জানান। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীনের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও শিক্ষক সমিতির সভাপতি ড. খোরশেদ আলম, সাধারণ সম্পাদক ও টিএসির পরিচালক জ্যোতির্ময় বিশ্বাস, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপ। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ দেশ বিদেশের বরেণ্য কবি, সাহিত্যিক ও গণমাধ্যম সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। আয়োজনের ধারাবাহিকতায় বিকাল ৪.৩০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টার ও লঙ্ঘনভিত্তিক সাহিত্য-সাংস্কৃতিক সংগঠন Saudha Society of Poetry & Indian Music এর যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতা এবং টি এস এলিয়টের ‘The Waste Land’ কবিতার শতবর্ষপূর্তি উপলক্ষে একটি মনোজ্ঞ নাট্যিক উপস্থাপিত হয়। অনুষ্ঠানটি উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস